

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার নং- ২০

তারিখ : ০২ আশ্বিন, ১৪২৪
১৭ সেপ্টেম্বর, ২০১৭

প্রধান নির্বাহী

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী সকল প্রতিষ্ঠান

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস
প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা (২) (ব) (উ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা (২) (২০) (উ) মোতাবেক অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানকে রিপোর্ট প্রদানকারী সংস্থা। এক্ষেত্রে, বর্ণিত আইন দুটির উদ্দেশ্য পূরণকল্পে ও এর আওতায় জারীকৃত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনের নিমিত্তে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো :

১। পরিপালন কাঠামো :

১.১ মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা :

(ক) মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড বিবেচনায়, দেশে বিদ্যমান এ সংক্রান্ত আইন ও বিধিমালা এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর নির্দেশনাবলীর সমন্বয়ে প্রতিটি মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের একটি নিজস্ব নীতিমালা থাকবে যা তাদের পরিচালনা পর্ষদ বা প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটি বা সর্বোচ্চ নির্বাহী কর্তৃক অনুমোদিত হবে। উক্ত নীতিমালা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনতে হবে। এছাড়া প্রতিষ্ঠানসমূহ সময়ে সময়ে নীতিমালাটি পর্যালোচনা করবে; প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন/পরিমার্জন করবে এবং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

(খ) উক্ত নীতিমালায় মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ব্যবসায় মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি, ঝুঁকি হ্রাসের কৌশল; গ্রাহকের হিসাব খোলা ও পরিচালনা; শাখা, এজেন্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে ডিস্ট্রিবিউটর (অথবা অন্য যে কোনো নামেই অভিহিত হোক না কেন) নির্বাচন প্রক্রিয়ায় স্ক্রিনিং, তাদের দায় দায়িত্ব ও মনিটরিং প্রক্রিয়া; প্রধান, উপপ্রধান ও জেলা/আঞ্চলিক পরিপালন কর্মকর্তার দায়-দায়িত্ব; লেনদেন মনিটরিং ও বিএফআইইউ এ রিপোর্ট প্রদান; অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা; স্থানীয় ও জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সংশ্লিষ্ট রেজুলেশনের বাস্তবায়ন; এবং নিয়োগ ও প্রশিক্ষণের বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে। তবে কোনো ব্যাংক (ব্যাংক কর্তৃক প্রদত্ত মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানের ক্ষেত্রে) তাদের ব্যাংকিং প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত নীতিমালায় মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস সংক্রান্ত বিষয়সমূহ (বিস্তারিতভাবে) অন্তর্ভুক্ত করতে পারবে।

১.২ মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে অঙ্গীকার ঘোষণা :

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বাৎসরিক ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারী/ডিস্ট্রিবিউটর/এজেন্টদের উদ্দেশ্যে মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার (Commitment) ঘোষণা করবেন এবং অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদান করবেন।

১.৩ পরিপালন কর্মকর্তা নিয়োগ ও অন্যান্য :

- (১) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি যথাযথভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর বিধানাবলী যথাযথ পরিপালনার্থে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান একজন উর্ধ্বতন কর্মকর্তার তত্ত্বাবধানে (যিনি প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা বা Chief Anti Money Laundering Compliance Officer-সংক্ষেপে CAMLCO^১ নামে অভিহিত হবেন) একজন উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Deputy CAMLCO) এবং পর্যাপ্ত সংখ্যক কর্মকর্তার সমন্বয়ে একটি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগ^২ গঠন করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, জেলা/আঞ্চলিক পর্যায়ে পরিপালন কর্মকর্তা মনোনয়নের মাধ্যমে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। এছাড়াও CAMLCO এর নেতৃত্বে প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের প্রধানদের সমন্বয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি “মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন কমিটি” গঠন করতে হবে, যা প্রতিষ্ঠানটির মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের বিষয়ে সর্বোচ্চ নীতি নির্ধারণী ফোরাম হিসেবে বিবেচিত হবে। “মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন কমিটি” বছরে অন্তত ০৪ (চার) টি সভায়^৩ মিলিত হবে এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।
- (২) ব্যাংক কর্তৃক পরিচালিত মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের ক্ষেত্রে আলাদাভাবে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগ গঠনের প্রয়োজন হবে না। এক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত ব্যাংকের জন্য প্রযোজ্য সার্কুলারে উল্লিখিত “কেন্দ্রীয় পরিপালন কমিটি” তে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিভাগের প্রধান সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন এবং একই সার্কুলারে উল্লিখিত “মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগ” মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ব্যবসায় মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত পরিপালনীয় বিষয়াবলীর পরিপালন নিশ্চিত করবে। এছাড়াও ব্যাংকের CAMLCO, Deputy CAMLCO এবং মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিভাগের প্রধান এ সংক্রান্ত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক যাবতীয় কার্যক্রম তদারকী করবেন।
- (৩) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নিজস্ব নীতিমালার আলোকে প্রাতিষ্ঠানিক কৌশল (Strategy) ও কর্মসূচী (Program) নির্ধারণ/ঘোষণা করবে।
- (৪) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ কার্যক্রমে ব্যক্তি ও ঝুঁকি বিবেচনায় মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশনে/বিভাগে পর্যাপ্ত সংখ্যক দক্ষ জনবল পদায়ন করবে। প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা, উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা, আঞ্চলিক মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগের কর্মকর্তাগণের মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড, দেশে বিদ্যমান এ সংক্রান্ত আইন ও বিধিমালা এবং বিএফআইইউ এর এ সংক্রান্ত নির্দেশনাবলীর বিষয়ে সম্যক জ্ঞান থাকতে হবে। এছাড়াও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর এবং উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার ন্যূনতম ০৩ (তিন) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
- (৫) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ান্তে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত প্রণীত ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকারিতা নিরূপণের লক্ষ্যে নিরপেক্ষ নিরীক্ষার (Independent Audit) ব্যবস্থা করবে।
- (৬) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিটি প্রতিষ্ঠান প্রতি বছরে অন্ততঃ একবার প্রধান কার্যালয়, শাখা ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের নিয়ে একটি সভা^৪ আয়োজন করবে। উক্ত সভায় প্রধান কার্যালয়, শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসে

^১ ‘উর্ধ্বতন কর্মকর্তা’ বা CAMLCO এর পদনাম ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার (০২) দুই ধাপের নীচে হতে পারবেন।

^২ “মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগ” এর জনবল প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর বিস্তৃতির (গোহক, ডিস্ট্রিবিউটর ও এজেন্ট সংখ্যা, লেনদেনের পরিমাণ ইত্যাদি) দ্বারা নির্ধারিত হবে।

^৩ কেন্দ্রীয় পরিপালন কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। তবে প্রয়োজনে কমিটি প্রধান প্রয়োজন সাপেক্ষে যে কোনো সময় সভা আহ্বান করতে পারবেন।

^৪ প্রয়োজনে, অঞ্চল ভিত্তিক সভা করা যাবে।

অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও পরিপালনীয় বিষয়সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

(৭) এজেন্ট বা ডিস্ট্রিবিউটর কর্তৃক যে কোনো ধরনের মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত অপরিপালনীয় বিষয়ের দায়ভার সংশ্লিষ্ট এজেন্ট বা ডিস্ট্রিবিউটর ছাড়াও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপর বর্তাবে।

২। গ্রাহক নির্বাচন নীতিমালা (Customer Acceptance Policy) :

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিটি প্রতিষ্ঠানের একটি সুনির্দিষ্ট গ্রাহক নির্বাচন নীতিমালা (Customer Acceptance Policy) থাকতে হবে। উক্ত নীতিমালায় অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

- (১) বেনামে বা ছদ্মনামে কোনো গ্রাহককে সেবা প্রদান করা যাবে না; এবং
- (২) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের^৬ আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন, ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার ও অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত^৭ কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তাকে কোনো সেবা প্রদান করা যাবে না।

৩। গ্রাহক পরিচিতি :

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিটি প্রতিষ্ঠান মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি ব্যবস্থাপনার লক্ষ্যে গ্রাহক পরিচিতি নিশ্চিত করার জন্য গৃহীত তথ্য ও তা যাচাই প্রক্রিয়ায় নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবেঃ

- (১) সকল (ব্যক্তি বা সত্তা) গ্রাহকের পরিচিতি সংক্রান্ত পূর্ণাঙ্গ^৮ ও সঠিক^৯ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। এছাড়াও প্রতিটি প্রতিষ্ঠানকে গ্রাহক কর্তৃক মোবাইল হিসাব খোলার উদ্দেশ্য সম্পর্কে সম্যক ধারণা এবং গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ ও এ সম্পর্কিত তথ্য বা উপাত্ত যাচাই প্রক্রিয়া সম্পাদন করতে হবে।
- (২) গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ এবং যাচাই প্রক্রিয়া এ সার্কুলারের সাথে সংযুক্ত পরিশিষ্ট-১, ২ ও ৩ অনুসরণপূর্বক সম্পাদন করতে হবে এবং সংযুক্ত হিসাব খোলার ফরমের ব্যবহার আগামী ০৩ (তিন) মাসের মধ্যে চালু করতে হবে;
- (৩) ব্যাংক কর্তৃক মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের কোনো গ্রাহকের মোবাইল ব্যাংকিং হিসাব যদি উক্ত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের সাথে সংযুক্ত (Linked) থাকে এবং ব্যাংক হিসাবের KYC যথাযথ থাকে সেক্ষেত্রে উক্ত গ্রাহকের মোবাইল ব্যাংকিং হিসাব খোলার জন্য পুনরায় KYC প্রক্রিয়া সম্পাদনের প্রয়োজন হবে না;
- (৪) কোনো গ্রাহকের KYC প্রক্রিয়া যথাযথভাবে সম্পাদন ও অনুমোদনের পূর্বে কেবলমাত্র Cash-in করা যাবে^{১০}; এবং
- (৫) এ সার্কুলারের নির্দেশনার আলোকে আগামী ডিসেম্বর ২০১৭ এর মধ্যে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ তাদের সকল গ্রাহকের পরিচিতি সংক্রান্ত কার্যক্রমের পর্যাণ্ডতা যাচাই করবে এবং এ বিষয়ে কোনো ঘাটতি থাকলে তা নিরসনের জন্য সুনির্দিষ্ট ও সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে।

^৬ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বলতে সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর ২ (ছ) নং বিধিতে সংজ্ঞায়িত রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে। এই তালিকাসমূহ http://www.un.org/sc/committees/consolidated_list.shtml ওয়েবলিংক হতে সংগ্রহ করা যাবে।

^৭ বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তা বলতে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৮ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিলভুক্ত কোনো ব্যক্তি বা সত্তাকে বুঝাবে।

^৮ পূর্ণাঙ্গ বলতে গ্রাহকের পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল তথ্যের সন্নিবেশকে বুঝাবে। উদাহরণস্বরূপঃ নাম, পেশা, জন্ম তারিখ ও বিস্তারিত ঠিকানা এবং পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/গ্রহণযোগ্য পরিচিতিমূলক ছবিযুক্ত আইডি কার্ড, ফোন/মোবাইল নম্বর ইত্যাদিসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি।

^৯ সঠিক বলতে গ্রাহকের পরিচিতি যাচাইয়ের নিমিত্তে গৃহীত তথ্যাদি/কাগজপত্রাদির সঠিকতা যাচাই করাকে বুঝাবে।

^{১০} KYC প্রক্রিয়া চলমান অবস্থায় Cash-in ব্যতীত অন্যান্য সেবা (অর্থ উত্তোলন, স্থানান্তর ইত্যাদি) দেয়া যাবে না।

৪। গ্রাহক সতর্কতামূলক ব্যবস্থা (Customer Due Diligence--CDD) :

- (১) CDD বলতে নির্ভরযোগ্য ও স্বাধীন উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি যাচাইকরণ ও হিসাবের লেনদেন মনিটরিং করাকে বুঝাবে। উল্লেখ্য যে, গ্রাহকের যথাযথ পরিচিতি/পরিচিতির তথ্য সংগ্রহ এবং উহা যাচাইকরণ (KYC), CDD প্রক্রিয়ার একটি অংশ।
- (২) গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিম্নবর্ণিত বিভিন্ন পর্যায়ে CDD সম্পাদন করতে হবে-
 - (ক) গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;
 - (খ) বিদ্যমান গ্রাহকের সাথে আর্থিক লেনদেন সংঘটনের সময়; এবং
 - (গ) যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতঃপূর্বে গ্রাহকের পরিচিতির স্বপক্ষে যে তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাপ্ত নয় বা সঠিক নয়;
- (৩) কোনো লেনদেন মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত মর্মে সন্দেহে CDD সম্পাদনের ক্ষেত্রে তথ্যের গোপনীয়তা ফাঁস (Tipping-Off) হবার সম্ভাবনা থাকলে CDD সম্পাদন না করেই সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্ট করতে হবে;
- (৪) CDD সম্পাদনের ক্ষেত্রে গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণ বা গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে উক্তরূপ গ্রাহককে সেবা প্রদান না করা বা প্রয়োজনে বিদ্যমান সেবা বন্ধ করা, ক্ষেত্রমত এরূপ গ্রাহকের বিষয়ে বিএফআইইউ বরাবরে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করার বিষয়টি বিবেচনা করতে হবে; এবং
- (৫) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিটি প্রতিষ্ঠান ০৫ (পাঁচ) বছর অন্তর অন্তর তাদের গ্রাহকের CDD সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনাপূর্বক প্রয়োজ্য ক্ষেত্রে, হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। নতুন সেবা বা প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে করণীয় (New Service or Technology) :

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রযুক্তি নির্ভর নতুন কোনো সেবা বা পদ্ধতি প্রচলন বা প্রচলিত সেবা বা পদ্ধতির উন্নয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত সেবা বা পদ্ধতি প্রবর্তনের পূর্বেই মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নে ঝুঁকি রয়েছে কিনা তা চিহ্নিত করবে, ঝুঁকির মাত্রা নিরূপণ করবে এবং এরূপ সেবা বা পদ্ধতি হতে সৃষ্ট ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৬। লেনদেন মনিটরিং (Transaction Monitoring) :

লেনদেন মনিটরিং সন্দেহজনক লেনদেন সনাক্তকরণের একটি গুরুত্বপূর্ণ উপায় বিধায় মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিটি প্রতিষ্ঠানকে অত্যন্ত সচেতনতা ও সতর্কতার সাথে গ্রাহকের লেনদেনসমূহ মনিটর করতে হবে। লেনদেন মনিটরিং এর ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবে :

- (১) সকল গ্রাহকের লেনদেন নিয়মিত মনিটরিং;
- (২) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর অপব্যবহার সংক্রান্ত লেনদেন সনাক্তকরণের বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। এছাড়াও সময়ে সময়ে সনাক্তকৃত বিষয়বলীর সমন্বয়ে প্রস্তুতকৃত টাইপোলজি, কেস স্টাডি সকল শাখা, এজেন্ট, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অবগতির ব্যবস্থাকরণ;
- (৩) সকল জটিল, অস্বাভাবিক এবং আপাতদৃষ্টিতে যে সকল লেনদেনের কোনো আর্থিক বা দৃষ্টিগ্রাহ্য বৈধ উদ্দেশ্য নেই এরূপ লেনদেন অধিকতর গুরুত্ব সহকারে মনিটরিং;
- (৪) সকল এজেন্ট, ডিস্ট্রিবিউটর এবং মার্চেন্টদের পরিচালিত লেনদেনসমূহ অধিকতর গুরুত্ব সহকারে মনিটরিং;
- (৫) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমের অপব্যবহার সংক্রান্ত লেনদেন সনাক্তকরণ বা উদ্ঘাটনের নিমিত্তে বিশেষ লেনদেন পর্যবেক্ষণ ব্যবস্থা চালুকরণ;

- (৬) লেনদেন মোবাইল হিসাবধারী কর্তৃক সংঘটিত হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য কার্যকর পদ্ধতির প্রবর্তন এবং পর্যাপ্ত তথ্য সংরক্ষণ; এবং
- (৭) লেনদেন মনিটরিং এর জন্য মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক Automated ব্যবস্থা প্রবর্তন।

৭। সন্দেহজনক লেনদেন রিপোর্ট (Suspicious Transaction Report-STR) :

- (১) মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশ বাস্তবায়নের নিমিত্তে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানের শাখা, এজেন্ট, ডিস্ট্রিবিউটরসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা দৈনন্দিন লেনদেন বা কার্যক্রমে সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবেন;
- (২) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনা করবেন;
- (৩) যে কোনো পর্যায়ে সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিত হলে, তা প্রতিষ্ঠানের মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগ বরাবরে যথাযথভাবে রিপোর্ট করতে হবে। মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগ প্রাপ্ত অথবা তদকর্তৃক সনাক্তকৃত সন্দেহজনক লেনদেন রিপোর্ট goAML web ব্যবহার করে এবং goAML Manual এর নির্দেশনা অনুসারে অবিলম্বে বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে;
- (৪) সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণ বা রিপোর্টকরণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা বিষয়টির গোপনীয়তা নিশ্চিত করবেন। অন্যথায় বিষয়টি মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, ধারা ৬(৩) এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ মর্মে বিবেচিত হবে; এবং
- (৫) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণে সংশ্লিষ্ট সকল পক্ষের সক্ষমতা বৃদ্ধি, রিপোর্টকরণে উদ্বুদ্ধকরণ ও রিপোর্টিং কার্যক্রম সহজীকরণের নিমিত্তে উপযুক্ত প্রশিক্ষণ এবং পদ্ধতির প্রবর্তন করবে।

৮। এজেন্ট^{১০}:

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ এজেন্ট নিয়োগ ও তাদের কার্যক্রম মনিটরিং এর জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

- (১) এজেন্ট নির্বাচনে যথাযথ যাচাই বা বাছাই প্রক্রিয়া (Screening Mechanism)^{১১} অনুসরণপূর্বক তাদের পূর্ণাঙ্গ ও সঠিক পরিচিতি নিশ্চিতকরণ;
- (২) এজেন্টদের লেনদেনের পরিমাণ ও সংখ্যা, ভৌগলিক অবস্থান, ব্যবসায় ও মালিকানার প্রকৃতি এবং অন্যান্য যুক্তিযুক্ত বিষয়াবলী বিবেচনায় নিয়ে তাদের ঝুঁকির স্তর (উচ্চ, মধ্যম ও নিম্ন) নির্ধারণ এবং নিরূপিত ঝুঁকির স্তর বিবেচনায় নিয়ে এজেন্টদের লেনদেন ও কার্যক্রম তদারকীকরণ;
- (৩) প্রতিষ্ঠান কর্তৃক ঝুঁকির স্তর নির্ধারণের কাজটি নিয়মিতভাবে (On-going) সম্পন্নকরণ;
- (৪) জেলা/আঞ্চলিক পরিপালন কর্মকর্তা কর্তৃক এজেন্টদের মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত পরিপালন অবস্থা যাচাইকরণ;
- (৫) বার্ষিক ভিত্তিতে উচ্চ ঝুঁকি সম্পন্ন এজেন্টদের মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন অবস্থা যাচাইয়ের নিমিত্তে পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম পরিচালনাকরণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগে প্রেরণ;
- (৬) মধ্যম ও নিম্ন ঝুঁকি সম্বলিত এজেন্টদের কার্যক্রম পরিদর্শন/নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত বিরতিতে সম্পন্নকরণ;
- (৭) এজেন্টদের হালনাগাদ (জানুয়ারি-জুন ভিত্তিক) তালিকা নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ; এবং
- (৮) বিভিন্ন অভিযোগ/অনিয়মের ভিত্তিতে বাতিলকৃত এজেন্টদের একটি আলাদা তালিকা (জানুয়ারি-জুন ভিত্তিক) নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ।

^{১০} এজেন্ট (বা অন্য যে নামেই অভিহিত করা হোক না কেন) বলতে মোবাইল হিসাবধারীকে সরাসরি সেবা প্রদানকারীকে বোঝাবে।

^{১১} যাচাই প্রক্রিয়া এর মধ্যে নিয়োগের জন্য নির্বাচিত এজেন্টের ব্যক্তিগত তথ্যাবলী এবং অপরাধমূলক কাজের সম্পৃক্ততা আছে কিনা তা যাচাইয়ের বিষয়াবলী অন্তর্ভুক্ত থাকবে।

৯। ডিস্ট্রিবিউটর^{১২}:

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ ডিস্ট্রিবিউটরদের নিয়োগ ও তাদের কার্যক্রম মনিটরিং এর জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

- (১) ডিস্ট্রিবিউটরদের পূর্ণাঙ্গ ও সঠিক পরিচিতি নিশ্চিতকরণ;
- (২) আঞ্চলিক পরিপালন কর্মকর্তা কর্তৃক ডিস্ট্রিবিউটরদের মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত পরিপালন অবস্থা যাচাইকরণ;
- (৩) বার্ষিক ভিত্তিতে ডিস্ট্রিবিউটরদের মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন অবস্থা যাচাইয়ের নিমিত্তে পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা এবং এ সংক্রান্ত প্রতিবেদন মানিল্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন/বিভাগে প্রেরণ; এবং
- (৪) ডিস্ট্রিবিউটরদের হালনাগাদ (জানুয়ারি-জুন ভিত্তিক) তালিকা নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ ; এবং
- (৫) বিভিন্ন অভিযোগ/অনিয়মের ভিত্তিতে বাতিলকৃত ডিস্ট্রিবিউটরদের একটি আলাদা তালিকা (জানুয়ারি-জুন ভিত্তিক) নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ।

১০। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction) :

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত রেজুলেশনসমূহের বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

- (১) পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে একটি পদ্ধতি প্রতিষ্ঠা করতে হবে; প্রতিষ্ঠানের কর্মকর্তাদের দায়দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা জারী করতে হবে; সময় সময় তা পর্যালোচনাপূর্বক বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে;
- (২) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের^{১৩} আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ এবং তদনুযায়ী এ সার্কুলারের ২(২) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার পরিপালন;
- (৩) সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সম্পর্কিত সংবাদ গণমাধ্যমে প্রকাশ হবার সাথে সাথে উক্ত কর্মকাণ্ডের সাথে জড়িত কোনো ব্যক্তি বা সত্তার কোনো মোবাইল ব্যাংকিং হিসাব পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ; এবং
- (৪) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার নামে হিসাব রয়েছে কিনা বা কোনো লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত লেনদেন মনিটর করতে হবে ও False Positive^{১৪} সংক্রান্ত তথ্য সংরক্ষণ করবে এবং এ সংক্রান্ত কোনো লেনদেন চিহ্নিত হওয়ার সাথে সাথে উক্ত হিসাবের লেনদেন স্থগিত করে পরবর্তী কর্ম দিবসের মধ্যে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করতে হবে।

^{১২} ডিস্ট্রিবিউটর (বা অন্য যে কোনো নামেই অভিহিত করা হোক না কেন) বলতে মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিযুক্ত এজেন্ট এবং মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের মধ্যবর্তী ব্যক্তি বা সত্তাকে বোঝাবে।

^{১৩} জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার সংজ্ঞা এ সার্কুলারের ২(২) অনুচ্ছেদে প্রদান করা হয়েছে।

^{১৪} False positive means a situation whereby a freeze action is taken on the basis of available information and upon further inquiry and receipt of additional clarifying information, such freeze action is determined not to be the correct course of action. An example is a freeze action taken on the basis of mistaken identity.

১১। নিয়োগ ও প্রশিক্ষণ :

১১.১ নিয়োগ :

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ তাদের বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism^{১৫}) অনুসরণ করবে।

১১.২ প্রশিক্ষণঃ

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করবে :

- (১) সকল স্তরের কর্মকর্তাদের মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ^{১৬} প্রদান; এবং
- (২) এজেন্ট, ডিস্ট্রিবিউটর ও অন্যান্য সংশ্লিষ্ট পক্ষের জন্য নিয়মিত মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদান।

১১.৩ শিক্ষণ :

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করবে :

- (১) সময় সময় লিফলেট বিতরণ এবং প্রতিটি শাখা, এজেন্ট, ও ডিস্ট্রিবিউটর অফিসের দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার স্থাপনের ব্যবস্থা করণ;
- (২) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন গণমাধ্যমে এ বিষয়ক সচেতনতামূলক বিজ্ঞাপন, তথ্যচিত্র ইত্যাদি প্রচারের ব্যবস্থা করণ; এবং
- (৩) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমের অপব্যবহার রোধে সচেতনতামূলক অথবা ব্যবহারবিধি সংক্রান্ত বিষয়ে গ্রাহকগণকে ক্ষুদ্রে বার্তা প্রেরণ অথবা অন্য কোনো উপযুক্ত পদ্ধতির প্রবর্তন।

১২। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ :

- (১) মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ নিম্নে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি হিসাব বন্ধ হবার পর অন্যান্য ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করবে :
 - (ক) KYC ও CDD প্রক্রিয়া সম্পাদনকালে অথবা হালনাগাদকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং কোনো গ্রাহকের বিষয়ে কোনো প্রতিবেদন প্রণীত হলে বা কোনো গ্রাহকের বিষয়ে কোনো প্রতিবেদন বা যে কোনো ধরনের হিসাব বা লেনদেনের তথ্য পর্যালোচনা সংক্রান্ত সকল তথ্যাদি বা দলিলাদি; এবং
 - (খ) লেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বা দলিলাদি এবং লেনদেন সংশ্লিষ্ট ব্যক্তি বা সত্তার তথ্যাদি।
- (২) প্রশিক্ষণ, সভা, নিরীক্ষা/পরিদর্শন বা বিশেষ পরিদর্শন সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করতে হবে; এবং
- (৩) প্রযোজ্য ক্ষেত্রে, সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করতে হবে এবং সংরক্ষিত সকল তথ্যাদি ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করতে হবে।

^{১৫} যাচাই প্রক্রিয়া এর মধ্যে নিয়োগের জন্য নির্বাচিত কর্মকর্তার ব্যক্তিগত তথ্যাবলী এবং অপরাধমূলক কাজের সম্পৃক্ততা আছে কিনা তা যাচাইয়ের বিষয়বলী অন্তর্ভুক্ত থাকবে।

^{১৬} উপযুক্ত প্রশিক্ষণ বলতে বিভিন্ন স্তরের/পর্যায়ের এবং বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের জন্য বিভিন্ন ধরনের (Target Oriented) প্রশিক্ষণ এবং একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর Refresher Training কে বুঝাবে।

১৩। অন্যান্য :

- (১) ইতঃপূর্বে বিএফআইইউ কর্তৃক জারীকৃত মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস কার্যক্রম সংক্রান্ত সকল নির্দেশনা এ সার্কুলারের দ্বারা প্রতিস্থাপিত বলে গণ্য হবে;
- (২) এতদসংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট সকল পক্ষকে আবশ্যিকভাবে বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিধানাবলী, পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত নির্দেশনা, এ ইউনিট কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা এবং এ সম্পর্কিত সব আইন বা বিধিবিধান অনুসরণ করতে হবে; এবং
- (৩) এ সার্কুলারের নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



সংযোজনী : মোট ০৫ (পাঁচ) পৃষ্ঠা।

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক ও অপারেশনাল প্রধান

ফোনঃ ৯৫৩০১১৮

প্রতিলিপি নং-বিএফআইইউ(পলিসি)-৩/২০১৭-

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. সিনিয়র সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, শিল্প ব্যাংক ভবন, ৮ ডিআইটি এভিনিউ, ঢাকা।
৪. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা ভবন-২, ১৩৯, মতিঝিল, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, ঢাকা
৬. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, ৯/এফ, মতিঝিল, ঢাকা।
৭. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, ১০৮০, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১০. সভাপতি, মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন, ইউসুফচেম্বার (৭ম ফ্লোর), ২০ দিলখুশা, ঢাকা।
১১. চেয়ারম্যান/প্রেসিডেন্ট, এ্যাসেট ম্যানেজমেন্ট কোং এন্ড মিউচুয়াল ফান্ডস, প্রযত্নেঃ রেস পোর্টফোলিও এন্ড ইস্যু ম্যানেজমেন্ট লিঃ, লেভেল-১৩, বিডিবিএল ভবন, ৮ রাজউক এভিনিউ, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৩. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ, ৭৩ ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, কাকরাইল, ঢাকা।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান।
১৫. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৮. চীফ ইকোনোমিস্ট/অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৯. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
২০. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
২১. প্রিন্সিপাল, বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমী, মিরপুর, ঢাকা।



(মোঃ মাসুদ রানা)

যুগ্ম-পরিচালক

ফোন : ২৫৫৬৬৫০০১-২০/২০২৯০

প্রতিষ্ঠানের নাম ও লোগো
মোবাইল হিসাব খোলার ফরম (ব্যক্তি হিসাব)

গ্রাহকের
পাসপোর্ট
আকারের ছবি

তারিখ	দি	ন	মা	স	ব	৭	স	র
-------	----	---	----	---	---	---	---	---

নতুন হিসাব	তথ্য হালনাগাদ/সংশোধনঃ	শুধুমাত্র মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান/এজেন্ট কর্তৃক ব্যবহারের জন্য
মোবাইল অ্যাকাউন্ট নং :		

১। নাম : (বাংলায়)

(In English)

২। জন্ম তারিখ :

দি	ন	মা	স	ব	৭	স	র
----	---	----	---	---	---	---	---

 লিঙ্গ : পুরুষ মহিলা

৩। পেশার বিবরণ ও আয়ের উৎস : _____ আনুমানিক মাসিক আয় (হাজার টাকায়)ঃ.....

৪। গ্রাহকের পরিচয়পত্রঃ	পরিচয়পত্রের ধরন :	পরিচয়পত্র নং :
	জাতীয় পরিচয়পত্র	
	পাসপোর্ট	
	ড্রাইভিং লাইসেন্স	
জন্ম সনদ (এক্ষেত্রে ছবিযুক্ত আইডি সংগ্রহ করতে হবে)		

বাংলায় In English

৫। পিতার নামঃ

৬। মাতার নামঃ

৭। স্বামী/স্ত্রীর নামঃ

৮। বর্তমান/
যোগাযোগ/ অফিসের
ঠিকানা :

উপজেলা :

Upazila :

জেলা :

District :

৯। স্থায়ী ঠিকানা :

উপজেলা :

Upazila :

জেলা :

District :

১০। মোবাইল নং :
(যা মোবাইল হিসাব হিসেবে ব্যবহৃত হবে)

১১। অন্যান্য মোবাইল বা ব্যাংক হিসাব (যদি থাকে)ঃ

১২। নমিনিঃ

আমি এতদ্বারা আমার মোবাইল হিসাবে জমাকৃত অর্থ আমার অবর্তমানে নিম্নলিখিত ব্যক্তিকে বিধি মোতাবেক প্রদানের জন্য মনোনীত করলাম।

নাম	ঠিকানা	সম্পর্ক	প্রাপ্য শতকরা ভাগ (%)

জ্ঞাতব্যঃ মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৮(১) “কোনো ব্যক্তি জ্ঞাতসারে অর্থের উৎস বা নিজ পরিচিতি বা হিসাব ধারকের পরিচিতি সম্পর্কে বা কোনো হিসাবের সুবিধাভোগী বা নমিনি সম্পর্কে মিথ্যা তথ্য প্রদান করিবেন না। মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৮(২) “কোন ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক ০৩ (তিন) বছর পর্যন্ত কারাদন্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।”

আমি ঘোষণা করছি যে, উপরে প্রদত্ত সকল তথ্য সঠিক ও পূর্ণাঙ্গ এবং আমি সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে অবগত।

আবেদনকারীর স্বাক্ষর/ বাম হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ

এজেন্টের ব্যবহারের জন্য

আমি নিশ্চিত করছি যে, আবেদনকারী আমার সামনে স্বাক্ষর করেছেন এবং ছবিটি আবেদনকারীর নিজের। এছাড়া, হিসাব খোলায় ব্যবহৃত মোবাইল নম্বরটি গ্রাহকের সঙ্গে ছিল।

.....
নামসহ স্বাক্ষর, সিল ও তারিখ

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যবহারের জন্যঃ

ক্র.	গ্রাহকের তথ্য যাচাইকরণ	হ্যাঁ /না
ক)	হিসাবধারীর নিকট হতে গৃহীত পরিচিতিপত্র যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়েছে কি-না?	
খ)	গ্রাহক পরিচিতির অন্যান্য তথ্য (নাম, ঠিকানা, পেশা ইত্যাদি) যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়েছে কি-না?	
গ)	গ্রাহকের সশরীর উপস্থিতিতে হিসাবটি খোলা হয়েছে কি-না?	
ঘ)	গ্রাহকের মোবাইল হিসাবটি কোনো ব্যাংক হিসাবের সাথে লিংক করা হয়েছে কি-না (ঐচ্ছিক)?	
ঙ)	গ্রাহকের বায়োমেট্রিক তথ্য সংগ্রহ ও যাচাই করা এবং e-KYC তে যুক্ত করা কি-না (ঐচ্ছিক)?	

হিসাব খোলার ফরমে তথ্যাবলী যাচাই করা হয়েছে এবং সঠিক পাওয়া গিয়েছে।

.....
কর্মকর্তার নামসহ স্বাক্ষর, সিল ও তারিখ

প্রতিষ্ঠানের নাম ও লোগো

মোবাইল হিসাব খোলার ফরম (অব্যক্তিক হিসাব)

তারিখ	দি	ন	মা	স	ব	৭	স	র
-------	----	---	----	---	---	---	---	---

নতুন হিসাব	তথ্য হালনাগাদ/সংশোধনঃ
------------	-----------------------

শুধুমাত্র মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান/এজেন্ট কর্তৃক ব্যবহারের জন্য

মোবাইল অ্যাকাউন্ট নং :																			
------------------------	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

- ১। হিসাবের নাম :
- ২। প্রতিষ্ঠানের ধরন (টিক দিন)ঃ প্রাইভেট লিমিটেড কোম্পানী পাবলিক লিমিটেড কোম্পানী অংশীদারী যৌথ উদ্যোগ
 একক মালিকানা সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত এনজিও ক্লাব/সোসাইটি অন্যান্য
(নির্দিষ্টভাবে).....
- ৩। প্রতিষ্ঠানের ঠিকানা :
- (ক) রেজিস্টার্ড ঠিকানা :.....
- (খ) ব্যবসাস্থল/অফিসের ঠিকানা :.....
- ৪। ট্রেড লাইসেন্স নম্বর : তারিখ :
- ইস্যুকারী কর্তৃপক্ষ :.....
- ৫। নিবন্ধন কর্তৃপক্ষ :.....
- ৬। নিবন্ধন নম্বর :..... তারিখ :
- ৭। ট্যাক্স আইডি নম্বর (TIN) (যদি থাকে) :.....
- ৮। ভ্যাট রেজিঃ নম্বর (যদি থাকে) :.....
- ৯। ব্যবসায়ের প্রকৃতি (বিস্তারিত) :
- ১০। অর্থের উৎস/উৎসসমূহ : (নির্দিষ্ট ও বিস্তারিত উল্লেখ করতে হবে).....

১১। মোবাইল নং :

(যা মোবাইল অ্যাকাউন্ট হিসেবে ব্যবহৃত হবে)

--

১২। প্রতিষ্ঠানের অন্যান্য মোবাইল একাউন্ট :
(যদি থাকে)

--

১৩। (ক) গ্রাহকের ব্যাংক হিসাবের তথ্য (যদি থাকে)ঃ

ক্রমিক	ব্যাংক	শাখা	হিসাব নং	হিসাবের প্রকৃতি

(খ) উপরিউক্ত ব্যাংক হিসাবের মধ্যে কোনোটিকে মোবাইল হিসাবের সাথে লিংক করতে চাইলে উল্লেখ করুনঃ -----

১৪।

ক্রমিক	আবেদনকারী(গণের) নাম	পদবী	মোবাইল নং	জাতীয় পরিচয়পত্র নং বা অন্য কোনো ছবিযুক্ত আইডি ডকুমেন্ট (সংরক্ষণ করতে হবে)	স্বাক্ষর	তারিখ

* এক বা একাধিক ব্যক্তির ব্যক্তিগত তথ্যাবলীর জন্য আলাদাভাবে পরিশিষ্ট-১ এ উল্লিখিত ফরমের ব্যক্তিগত তথ্যাদি পূরণ ও যাচাই করতে হবে।
আমি/আমরা ঘোষণা করছি যে, উপরে প্রদত্ত সকল তথ্য সঠিক ও পূর্ণাঙ্গ এবং আমি/আমরা সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে অবগত।

১৫। মোবাইল ব্যাংক হিসাবটি পরিচালনাকারীর নাম উল্লেখ করুনঃ -----

এজেন্টের ব্যবহারের জন্য

আমি নিশ্চিত করছি যে, আবেদনকারী(গণ) আমার সামনে স্বাক্ষর করেছেন এবং ছবিটি আবেদনকারী(গণের) নিজের/নিজেদের। এছাড়া, হিসাব খোলায় ব্যবহৃত মোবাইল নম্বরটি হিসাব খোলার সময় গ্রাহকের সঙ্গে ছিল।

স্বাক্ষর, সীল ও তারিখ

জ্ঞাতব্যঃ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৮(১) “কোনো ব্যক্তি জ্ঞাতসারে অর্থের উৎস বা নিজ পরিচিতি বা হিসাব ধারকের পরিচিতি সম্পর্কে বা কোনো হিসাবের সুবিধাভোগী বা নমিনি সম্পর্কে মিথ্যা তথ্য প্রদান করিবেন না। মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৮(২) “কোন ব্যক্তি উপ - ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক ০৩ (তিন) বছর পর্যন্ত কারাদন্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।”

মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যবহারের জন্যঃ

ক্র.	গ্রাহকের তথ্য যাচাইকরণ	হ্যাঁ / না
ক)	প্রতিষ্ঠানটির ধরন মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ ও তা যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়েছে কি-না?	
খ)	প্রতিষ্ঠানের পক্ষে মোবাইল হিসাব পরিচালনা বিষয়ক Resolution সংগ্রহ করা হয়েছে কি- না?	
গ)	প্রতিষ্ঠানের পক্ষে মোবাইল হিসাব পরিচালনাকরীর পরিচিতিমূলক তথ্যাদি/ডকুমেন্ট যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়েছে কি-না?	
ঘ)	প্রাতিষ্ঠানিক গ্রাহক বিবেচনায় যথাযথভাবে হিসাবটি খোলা হয়েছে কি-না?	
ঙ)	প্রতিষ্ঠানের ব্যবসা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে কি-না?	

হিসাব খোলার ফরমে তথ্যাবলী যাচাই করা হয়েছে এবং সঠিক পাওয়া গেছে।

কর্মকর্তার নামসহ স্বাক্ষর, সীল ও তারিখ

অব্যক্তিক হিসাবের জন্য প্রয়োজনীয় তথ্য/দলিলাদির নির্দেশক তালিকা।

(১) ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান :

- ক) স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্স।
- খ) প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর পরিচিতিমূলক দলিলাদি।
- গ) হিসাব পরিচালনাকারী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর অন্যান্য আনুষঙ্গিক তথ্যাবলী।
- ঘ) ট্যাক্স আইডি নম্বর (TIN) সার্টিফিকেট (যদি থাকে)।
- ঙ) প্রতিষ্ঠানের ভ্যাট রেজিঃ নম্বর (যদি থাকে)।

(২) পার্টনারশীপ :

- ক) স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্স।
- খ) পার্টনারশীপ ডিড।
- গ) প্রতিষ্ঠানের অংশীদারগণের জাতীয় পরিচয়পত্র। হিসাব পরিচালনাকারীর পরিচিতিমূলক দলিলাদি গ্রহণ আবশ্যিক হবে।
- ঘ) ট্যাক্স আইডি নম্বর (TIN) সার্টিফিকেট (যদি থাকে)।
- ঙ) প্রতিষ্ঠানের ভ্যাট রেজিঃ নম্বর (যদি থাকে)।

(৩) লিমিটেড কোম্পানী :

- ক) স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্স।
- খ) সার্টিফিকেট অব ইনকর্পোরেশন,
- গ) আর্টিকেলস অব এসোসিয়েশন,
- ঘ) মেমোরেণ্ডাম অব এসোসিয়েশন,
- ঙ) হিসাব খোলার বিষয়ে বোর্ডের সভায় গৃহীত আনুষ্ঠানিক সিদ্ধান্ত (resolution),
- চ) পরিচালক সম্পর্কিত ঘোষণা (Form XII)
- ছ) হিসাব পরিচালনাকারীসহ সকল পরিচালকের অন্যান্য আনুষঙ্গিক তথ্যাবলী ও পরিচিতিমূলক দলিলাদি।
- জ) ট্যাক্স আইডি নম্বর (TIN) সার্টিফিকেট।
- ঝ) প্রতিষ্ঠানের ভ্যাট রেজিঃ নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)।

(৪) সরকারী প্রতিষ্ঠানের হিসাব (বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগসহ), সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান, আধা সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাব, বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত প্রকল্পের হিসাব :

- ক) হিসাব খোলা ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র
- খ) হিসাব পরিচালনাকারীর অন্যান্য আনুষঙ্গিক তথ্যাবলী ও পরিচিতিমূলক দলিলাদি।

(৫) অন্যান্য সংগঠনের হিসাব :

- (ক) ক্লাব/সোসাইটি : অফিস কর্মকর্তাগণের বিবরণ (office bearers), বাই-লজ বা সংবিধান, লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট/সরকারী অনুমোদনপত্র ইত্যাদিসহ প্রতিষ্ঠানের সভাপতি, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ বা হিসাব পরিচালনাকারীর ও অন্যান্য আনুষঙ্গিক তথ্যাবলী ও পরিচিতিমূলক দলিলাদি।
- (খ) সমবায় সমিতি/লিমিটেড সোসাইটি : সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাই-লজ, অফিস কর্মকর্তাদের (office bearers) বিবরণ, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (resolution), সার্টিফিকেট অব রেজিস্ট্রেশন ইত্যাদি এবং হিসাব পরিচালনাকারীসহ সংশ্লিষ্টদের অন্যান্য আনুষঙ্গিক তথ্যাবলী ও পরিচিতিমূলক দলিলাদি।
- (গ) স্কুল, কলেজ, মাদ্রাসা : গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটির সদস্যগণের পূর্ণ পরিচিতি (বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে), হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (resolution) ইত্যাদিসহ প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক ও হিসাব পরিচালনাকারীর অন্যান্য আনুষঙ্গিক তথ্যাবলী ও পরিচিতিমূলক দলিলাদি।
- (ঘ) ট্রাস্ট : ডিড অব ট্রাস্ট এর সার্টিফাইড কপি, ট্রাস্টি বোর্ড এর সদস্যগণের পূর্ণ পরিচিতি, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (resolution) ইত্যাদিসহ ট্রাস্টের নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ ও হিসাব পরিচালনাকারীর অন্যান্য আনুষঙ্গিক তথ্যাবলী ও পরিচিতিমূলক দলিলাদি।